19 APR 2016
20

দৈনিক জনকণ্ঠ

# জাতীয় ভার্সিটির প্রথম সমাবর্তন নবেম্বরে

স্টাফ রিপোর্টার ॥ আগামী নবেম্বরে অনুষ্ঠিতব্য প্রথম সমাবর্তনে অংশগ্রহণে যোগ্যদের শিক্ষাবর্ষ অনুসারে তালিকা প্রকাশ করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক মোঃ ফয়জুল করিম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তি অনুসারে যে সব শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন তারা হলেন- ১৯৯৮-২০১২ সাল পর্যন্ত ডিগ্রী পাস। ২০০০-২০১২ সালের অনার্স ফাইনাল পরীক্ষা। ২০০০-২০১২ মাস্টার্স ফাইনাল পরীক্ষা। ২০০৭-২০১২ সালের বিবিএ। ২০০৩-২০১২ সালের এমবিএ। ২০০৭-২০১৩ সালের বিএড (অনার্স)। ২০০৬-২০১২ সালের এমএড। ২০০৮-২০১২ সালের বিএসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স। ২০০৭-২০১২ সালের বিএফএ (অনার্স)। ২০০৯-২০১২ সালের বিএফএ (পাস)। ২০১০-২০১১ সালের ইসিই। ২০০৩-২০১২ সালের এলএলবি (ফাইনাল)। ২০০৩-২০১০ সালের এমএসসি ইন সিএসই এবং পিএইচডি বা এমফিল বা এমএএস ডিগ্রীপ্রাপ্ত, গবেষকরাও রেজিস্ট্রেশন করতে পারবে।

সমাবর্তনে রেজিস্ট্রেশন ফি দুই হাজার ৫০০ টাকা এবং সনদপ্রতি ৫০০ টাকা। অনলাইনে সোনালী সেবা, ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এবং ক্রেডিট বা ডেবিট কার্ডের (মাস্টার, ভিসা, নেক্সাস)

(১৯ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

## জাতীয় ভার্সিটির

(২০-এর পৃষ্ঠার পর)

মাধ্যমে নির্ধারিত অর্থ প্রদান করা যাবে। সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহীরা অনলাইনে সংশ্লিষ্ট ওয়েবসাইটের (www.convocation.nu.edu.bd) মাধ্যমে আগামী ৮ জুন পর্যন্ত আবেদন করতে পারবে।